

আমাকেই

সীমান্ত পেরিয়ে
ও' পাড়ের সীমান্ত রক্ষীরা
আমাকে বাধা দেয় ।

আমি তোমাকে ভালোবাসি
এ' যেন এক নতুন যন্ত্রনা ।
আমার নিঃশ্বাস প্রতিনিয়িত তোমার পাশ ঘেষে বেড়ায়
অথচ ওই সীমান্ত রক্ষীরা কাপালিক ; নির্দয়ের মতোই
অগ্নিচক্ৰ ধারণ করে আমাকেই আহত করে ।

আমার - তোমার সীমানায়
ক্ষরস্রোতা নদীর মতোই আমার চলাচল
তবু ও প্রতিনিয়িত সকাল বিকাল
যে কোন সময় ওরা দেয়াল টপকে আসে
যন্ত্রনা দেয়; কষ্ট দেয়
আহত করে ; আমাকেই আহত করে ।

জাভেদ আকতার
প্রথমকবিতা@জিমেইল.কম